**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date: 24-09-2025** **Desk in Charge : SDG**
**Time : 7-50 PM** **Compiling : Priya B.**
**DEO : KB** **NR : Priya B.**

Announcement :- আকাশবাণী / খবর পড়ছিঃ-

**বিশেষ বিশেষ খবর –**

১/ কেন্দ্রীয় মন্ত্রিসভা, আসন্ন উৎসবের মরশুমে রেল কর্মীদের জন্য ৭৮ দিনের উৎপাদন ভিত্তিক বোনাস-PLB প্রদানের বিষয়টি অনুমোদন করেছে।

২/ প্রবল বৃষ্টিতে বিপর্যস্ত কলকাতা ও দক্ষিণবঙ্গের বিভিন্ন এলাকা ধীরে ধীরে স্বাভাবিক ছন্দে ফিরছে। # বর্ষণজনিত কারণে মৃতের সংখ্যা বেড়ে হয়েছে- ১১।
# মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী মৃতদের পরিবারকে দু'লক্ষ টাকা করে অর্থ সহায়তা ঘোষণা করেছেন।

৩/ ২০২৩-এর প্রাথমিকের টেটের ফল আজ প্রকাশিত হয়েছে। উত্তীর্ণ হয়েছেন ৬' হাজার ৭৫৪ জন। # ২০২২-এর টেট উত্তীর্ণদের বিক্ষোভের জেরে বারাসাতে ব্যাপক উত্তেজনা।

৪/ ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনী-SIR প্রক্রিয়া চালানোর জন্য রাজ্যের পাঁচটি জেলায় বুথ লেভেল অফিসারের ঘাটতি দেখা দিয়েছে।

৫/ যাত্রী সুবিধার্থে মেট্রো রেল, স্মার্ট কার্ডের মেয়াদ বৃদ্ধি সহ কার্ডের মাশুল কমানোর সিদ্ধান্ত নিয়েছে।

**********************************************************************

কেন্দ্রীয় মন্ত্রিসভা, আসন্ন উৎসবের মরশুমে রেল কর্মীদের জন্য ৭৮ দিনের উৎপাদন ভিত্তিক বোনাস (পিএলবি) প্রদানের বিষয়টি অনুমোদন করেছে। ১০ লক্ষ ৯১ হাজার রেলকর্মী এক হাজার ৮৬৫ কোটি টাকার এই বোনাস পাবেন। মন্ত্রিসভার বৈঠকের পর কেন্দ্রীয় তথ্য সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণো আজ একথা জানান।

দেশে চিকিৎসা শিক্ষা ক্ষেত্রে স্নাতক ও স্নাতোকত্তর স্তরে আসন সংখ্যা বাড়ানোর প্রস্তাবও মন্ত্রিসভার অনুমোদন লাভ করেছে। কেন্দ্রীয় সহায়তাপুষ্ট প্রকল্প সিএসএস-এর তৃতীয় পর্যায়ের আওতায় স্নাতকোত্তর স্তরে ৫ হাজার এবং এমবিবিএস-এ ৫ হাজার ২৩টি আসন বাড়ানো হচ্ছে।

(বাইট-অশ্বিনী)

********************

প্রবল বৃষ্টিতে বিপর্যস্ত কলকাতা ও দক্ষিণবঙ্গের বিভিন্ন এলাকা ধীরে ধীরে স্বাভাবিক ছন্দে ফিরলেও, বেশ কিছু জায়গায় এখনও জল জমে রয়েছে। বর্ষণজনিত নানা কারণে মৃতের সংখ্যা বেড়ে হয়েছে- ১১। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ রাজ্য সরকারের পক্ষ থেকে মৃতদের পরিবারকে ২ লক্ষ টাকা অর্থ সহায়তা দেওয়ার কথা ঘোষণা করেছেন। তিনি বলেছেন, CESC-র পক্ষ থেকে যদি কোনওরকম ব্যবস্থা না করা হয় তাহলে রাজ্য সরকার ক্ষতিগ্রস্ত পরিবারগুলির একজন সদস্যকে হোমগার্ডের চাকরি দেবে।

( বাইট- মমতা )

এদিকে, উত্তর ও মধ্য কলকাতার বেশ কিছু রাস্তা থেকে এখনো জল নামেনি। দক্ষিণ কলকাতার বেশ কিছু রাস্তা এখনো জলমগ্ন। আজ রাতের মধ্যেই জল নামানোর চেষ্টা চলছে বলে কলকাতা পুরসভা জানিয়েছে।

বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য বলেছেন, এই বিপর্যয়ের দায় সরকার কখনোই এড়াতে পারে না।

( বাইট- শমীক )

কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার বলেন, ভারী বৃষ্টির সতর্কতা থাকা সত্ত্বেও রাজ্য সরকার প্রয়োজনীয় ব্যবস্থা না নিয়ে সিইএসসির ওপর দোষ চাপাচ্ছে। একই অভিযোগ

করেছেন, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী'ও। মুর্শিদাবাদে আজ পুজো উদ্বোধনে গিয়ে তিনি প্রাকৃতিক দুর্যোগে মৃত্যুর ঘটনায় রাজ্য সরকারের গাফিলতিকেই দায়ী করেন।

CPIM –এর কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্রবর্তী অভিযোগ করেছেন, পাম্পিং মেশিনগুলি দীর্ঘ দিন ধরেই অকেজো হয়ে পড়ে আছে। কিন্তু কলকাতা পুরসভা সে বিষয়ে নিরুত্তাপ।

( বাইট- সুজন )

*********************

শহরে জমা জলে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে মৃতদের পরিবারকে ক্ষতিপূরণ এবং ঘটনার তদন্ত চেয়ে কলকাতা হাইকোর্টে জনস্বার্থ মামলা দায়ের করেছেন ISF বিধায়ক নওশাদ সিদ্দিকী। বিচারপতি সুজয় পাল ও বিচারপতি স্মিতা দাস দে-র ডিভিশন বেঞ্চে বিচারবিভাগীয় তদন্ত কমিটি গঠনের আবেদন জানিয়েছেন তিনি। আগামী শুক্রবার মামলার শুনানির সম্ভাবনা।

*********************

দীর্ঘ প্রতীক্ষার পর প্রায় দু'বছরের মাথায় ২০২৩-এর প্রাথমিকের টেটের ফল আজ প্রকাশিত হয়েছে। প্রাথমিক শিক্ষা পর্ষদ জানিয়েছে, দু'লক্ষ ৭৩ হাজার ১৪৭ জন পরীক্ষার্থীর মধ্যে ৬' হাজার ৭৫৪ জন উত্তীর্ণ হয়েছেন। ১ থেকে ১০-এর মেধাতালিকায় রয়েছেন ৬৪ জন পরীক্ষার্থী। প্রাথমিক শিক্ষা পর্ষদের ওয়েবসাইটে ফলাফল দেখা যাচ্ছে। প্রত্যেক পরীক্ষার্থীর OMR শিটের প্রতিলিপি ওই ওয়েবসাইটেই আগামীকাল দুপুর দুটোয় দেওয়া হবে।

উল্লেখ্য, ২০২৩ এর ২৪ ডিসেম্বর টেট পরীক্ষা নেওয়া হয়। এতোদিন ফল প্রকাশ না হওয়ায় কয়েকদিন আগেই প্রতিবাদে পথে নেমেছিলেন ওই বছরের পরীক্ষার্থীরা। তবে ফল প্রকাশ হলেও নিয়োগ প্রক্রিয়া কবে শুরু হবে তা নিয়ে সন্ধিহান উত্তীর্ণরা।

এদিকে, দ্রুত নিয়োগের দাবিতে উত্তর ২৪ পরগনার বারাসাত রবীন্দ্র ভবনে শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু আসবেন, এই খবর পেয়ে ২০২২-এর টেট উত্তীর্ণ চাকরিপ্রার্থীদের বিক্ষোভ দেখাতে শুরু করলে, ব্যাপক উত্তেজনা ছড়ায়। ওই অনুষ্ঠানে অংশ নিতে প্রবেশের সময় সাংসদ সৌগত রায় ও বিধায়ক নির্মল ঘোষের গাড়ি আটকে বিক্ষোভ দেখান

চাকরিপ্রার্থীরা। পরিস্থিতি সামাল দিতে পুলিশকে লাঠিচার্জ করতে হয়। অভিযোগ, তাতে কয়েকজন আন্দোলনকারী চাকরিপ্রার্থী জখম হয়েছেন। টেট পরীক্ষার্থীদের আন্দোলনের জেরে ঘণ্টা খানেকের বেশি সময় ধরে অবরুদ্ধ থাকে যশোর রোড। বিক্ষোভকারীদের অভিযোগ, বিধানসভা অভিযানের সময়ে শিক্ষামন্ত্রী প্রতিশ্রুতি দিয়েছিলেন, দুই দিনের মধ্যে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে। কিন্তু দুই সপ্তাহ পেরোলেও বিজ্ঞপ্তি প্রকাশিত হয়নি। সেই প্রতিশ্রুতি পূরণের দাবিতেই বুধবার তাঁরা ফের রাস্তায় নামেন।

********************

প্রাথমিক নিয়োগ দুর্নীতি মামলায় কারামন্ত্রী চন্দ্রনাথ সিনহাকে হেফাজতে নেওয়ার ইডির আবেদন খারিজ করে তার অন্তর্বর্তী জামিনের নির্দেশ বহাল রেখেছে কলকাতার বিশেষ সিবিআই আদালত। বিচারক শুভেন্দু সাহার পর্যবেক্ষণ, ইডি অনেক বেশি সময় লাগিয়েছে তদন্তে। তাই বর্তমানে মন্ত্রীকে হেফাজতে নিয়ে জিজ্ঞাসাবাদের প্রয়োজনীয়তা নেই । তবে ইডি চাইলে তাকে ডেকে জিজ্ঞাসাবাদ করতেই পারে। ২৫ ও ২৬ সেপ্টেম্বর সকাল ১১ টা থেকে বিকেল পাঁচটা পর্যন্ত তাকে ইডির অফিসে ডেকে জেরা করা যাবে।

********************

ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনী-SIR প্রক্রিয়া চালানোর জন্য রাজ্যের পাঁচটি জেলায় বুথ লেভেল অফিসারের ঘাটতি দেখা দিয়েছে।

কলকাতা উত্তর ও দক্ষিণ, হাওড়া, দক্ষিণ ২৪ পরগণা এবং পুরুলিয়ায় প্রায় ১ হাজার ৬০০ পদ এখনও শূন্য। ফলে জেলা নির্বাচনী আধিকারিকরা কমিশনের চতুর্থ নিয়মের অধীনে BLO নিয়োগের অনুমতি চাইতে বাধ্য হয়েছেন। এই নিয়ম অনুযায়ী কেন্দ্রীয় বা রাজ্য সরকারি প্রতিষ্ঠান থেকে ডেপুটেশনে আসা কর্মচারীদের BLO করা যাবে। তবে এর জন্য কমিশনের অনুমোদন আবশ্যক। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর ইতমধ্যেই এই বিষয়টি নির্বাচন কমিশনের গোচরে এনেছে।

উল্লেখ্য, কমিশনের নিয়ম অনুযায়ী, প্রথম তিন ধাপে বুথ-স্তরে সরকারি কর্মচারী, অঙ্গনওয়াড়ি কর্মী বা চুক্তিভিত্তিক শিক্ষক নিয়োগ করা যায়। কিন্তু সেই পথেও সমস্যার

সমাধান না হওয়ায় এখন বিকল্প ব্যবস্থা হিসেবে চতুর্থ নিয়ম প্রয়োগ করতে চাইছে সংশ্লিষ্ট জেলা প্রশাসন।

********************

যাত্রী সুবিধার্থে মেট্রো রেল, স্মার্ট কার্ডের মেয়াদ বৃদ্ধি সহ কার্ডের মাশুল কমানোর সিদ্ধান্ত নিয়েছে। এখন থেকে স্মার্ট কার্ড রিচার্জ করলে, তার মেয়াদ হবে ১০ বছর। আগে এই সময়সীমা ছিল এক বছর। নতুন স্মার্ট কার্ড কিনলে সিকিউরিটি ডিপোজিটের অর্থ ৮০ টাকা থেকে কমিয়ে ৫০ টাকা করা হয়েছে। মেট্রোর তরফে এক বিবৃতিতে জানানো হয়েছে, দেড়শো টাকার বদলে আগামীকাল থেকেই একশো টাকা দিয়ে স্মার্ট কার্ড পাওয়া যাবে। পুরনো কার্ডের ক্ষেত্রেও আগামীকাল বা তারপর রিচার্জ করলেও, তার মেয়াদ হবে ১০ বছর।

উল্লেখ্য, চলতি মাসে ৫০ হাজার স্মার্ট কার্ড বিক্রী হয়েছে বলে মেট্রো রেল কতৃপক্ষ জানিয়েছে।

********************

সেবা ও সুশাসনের মন্ত্রে পরিচালিত হয়ে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে সরকার রূপান্তর ও অগ্রগতি আনতে অক্লান্ত পরিশ্রম করে চলেছে।

আজ, এই বিশেষ 'সেবা পর্ব'-এ, আমরা আপনাদের সামনে তুলে ধরছি মোদী সরকার কীভাবে বিশ্ব অডিও ভিজ্যুয়াল এবং বিনোদন শীর্ষ সম্মেলন WAVES-এর মাধ্যমে সৃজনশীলতা এবং প্রযুক্তিকে কাজে লাগিয়ে ভারতকে মিডিয়া এবং বিনোদনের একটি বিশ্বব্যাপী কেন্দ্র হিসেবে গড়ে তুলছে।
আমাদের প্রতিনিধি অভিজিৎ চক্রবর্তীর একটি প্রতিবেদন-

( ভিসি- অভিজিৎ )

********************

সেবা পর্ব উপলক্ষ্যে আজ শুনবেন বিশেষ আলোচনা "সবার জন্য স্বাস্থ্য"। আয়ুর্বেদ চিকিৎসক সুমিত সুরের সঙ্গে কথা বলেছেন সুস্মিতা মণ্ডল। সংবাদ বিভাগ প্রযোজিত

অনুষ্ঠানটি শোনা যাবে রাত সাড়ে ন'টায় গীতাঞ্জলি ও ডি টি এইচ বাংলা পরিষেবায়। এছাড়াও অনুষ্ঠানটি শুনতে পাবেন আকাশবাণী কলকাতার সংবাদের সবক'টি সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে।

********************

পূর্ব মধ্য বঙ্গোপসাগরে অবস্থানরত ঘূর্ণাবর্তটি আগামীকাল পশ্চিম দিকে অগ্রসর হয়ে নিম্নচাপে পরিণত হতে পারে। ২৬ তারিখ সেটির গভীর নিম্নচাপে রূপ নেবার সম্ভাবনা। এর প্রভাবে আগামী কয়েকদিন দক্ষিণবঙ্গের সব জায়গায় হালকা থেকে মাঝারি বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর।

*********************************************************************